

বিষয়: ডেউটিন ও গৃহমঞ্জুরি উপ-বরাদ্দ প্রদান।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর ১৮ ডিসেম্বর ২০২২ তারিখের ৫১.০১.০০০০.০১৬.২০.০৮০.২২-৮১০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা হতে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবারের বাড়িঘর মেরামত/ পুনঃনির্মাণের লক্ষ্যে মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে পঞ্চগড় জেলার জেলা প্রশাসকের অনুকূলে ২০০ (দুইশত) বাড়িল ডেউটিন এবং বাড়িল প্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে মোট (২০০x৩,০০০/-) = ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবারের অনুকূলে মানবিক সহায়তা হিসেবে বিনামূল্যে বিতরণের জন্য জনসংখ্যা হ্রাসের ভিত্তিতে জেলার ০৫ (পাঁচ) উপজেলা ও ০৩টি পৌরসভাসহ উপজেলার বিপরীতে নিম্নবর্ণিত পরিমাণ ডেউটিন ও ডেউটিনের গৃহমঞ্জুরি অর্থের উপ-বরাদ্দ প্রদান করা হলো:

ক্রমিক	উপজেলার নাম (পৌরসভাসহ)	উপ-বরাদ্দকৃত ডেউটিনের পরিমাণ (বাড়িল)	উপ-বরাদ্দকৃত গৃহমঞ্জুরি বাবদ অর্থের পরিমাণ (প্রতি বাড়িল ৩,০০০/- টাকা হারে)	চেক নম্বর ও তারিখ
০১	০২	০৩	০৪	০৫
০১	পঞ্চগড় সদর (পৌরসভাসহ)	৫০ (পঞ্চাশ)	১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার)	চেকনং-৬৭৮৯৫৫৬, তাং-১০/০১/২০২৩
০২	তেঁতুলিয়া	২৬ (ছাব্বিশ)	৭৮,০০০/- (আটাত্তর হাজার)	চেকনং-৬৭৮৯৫৫৭, তাং-১০/০১/২০২৩
০৩	আটোয়ারী	২৮ (আটাত্তর)	৮৪,০০০/- (চুরাশি হাজার)	চেকনং-৬৭৮৯৫৫৮, তাং-১০/০১/২০২৩
০৪	বোদা (পৌরসভাসহ)	৪৭ (সাতচল্লিশ)	১,৪১,০০০/- (এক লক্ষ একচল্লিশ হাজার)	চেকনং-৬৭৮৯৫৫৯, তাং-১০/০১/২০২৩
০৫	দেবীগঞ্জ (পৌরসভাসহ)	৪৯ (উনপঞ্চাশ)	১,৪৭,০০০/- (এক লক্ষ সাতচল্লিশ হাজার)	চেকনং-৬৭৮৯৫৬০, তাং-১০/০১/২০২৩
মোট	০৫ টি	২০০ (দুইশত)	৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা	-

শর্তাবলী:

- ডেউটিন উপ-বরাদ্দ প্রাপকের ঘর নির্মাণের নিজস্ব জায়গা থাকতে হবে;
- ডেউটিন বিতরণের সাথে আবশ্যিকভাবে বাড়িল প্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে নগদ টাকা ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে;
- বরাদ্দকৃত টাকা ডেউটিন ব্যতিত অন্য কোনভাবে বিতরণ করা যাবে না;
- উপজেলা নির্বাহী অফিসারগণ উপ-বরাদ্দকৃত ডেউটিন ও গৃহমঞ্জুরি বিতরণে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ ও সরকারি বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন;
- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০১/০৮/২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৫১.০১.০০০.০০৩.০৬.০৩৬.২১.৯০৬ নম্বর স্মারকের আলোকে ডেউটিনসহ সব ধরনের ত্রাণ সামগ্রী বিতরণের সময় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নাম সম্বলিত ব্যানার প্রদর্শনের ব্যবস্থা করতে হবে;
- প্রতিমাসের ব্যয় বিবরণী এ কার্যালয়ে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- মঞ্জুরিকৃত গৃহমঞ্জুরির ব্যয় চলতি ২০২২-২০২৩ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বাজেট কোড নং- ১৪৯০১০১-১২০০১৯২১-রিলিফ অপারেশন-রিহ্যাবিলিটেশন (গৃহমঞ্জুরি)-৩৭২১১০১-ত্রাণ কার্য (নগদ) অর্থ গৃহমঞ্জুরি খাত হতে নির্বাহ করা হবে;
- উপজেলা নির্বাহী অফিসারগণ উপ-বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে Upload করাসহ ইউনিয়নের অনুকূলে জারিকৃত উপ-বরাদ্দপত্র তাঁর ওয়েবসাইটে Upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দপত্র Upload করতে হবে;
- নিরীক্ষার জন্য যথাযথ হিসাব সংরক্ষণ করতে হবে।

স্বাঃ

মো: জহুরুল ইসলাম

জেলা প্রশাসক

পঞ্চগড়

০২৫৮৯৯-৪২০০০

ই-মেইল: dcpanchagarh@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার

পঞ্চগড় সদর/ তেঁতুলিয়া/ আটোয়ারী/ বোদা/ দেবীগঞ্জ

পঞ্চগড়